কানাইঘাটে জাতীয় যুব দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

কানাইঘাট প্রতিনিধি : “প্রশিক্ষিত যুব , উন্নত দেশ , বঙ্গবন্ধুর বাংলাদেশ ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারাদেশের ন্যায় কানাইঘাটে জাতীয় যুব দিবস -২০২২ উদযাপিত হয়েছে।
এ উপলক্ষে আজ মঙ্গলবার সকাল ১০টায় উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তর কানাইঘাট অফিসের যৌথ উদ্যোগে র্যালী পরবর্তী উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।
উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও উপজেলা যুব উন্নয়ন অফিসের সহকারী কর্মকর্তা আব্দুল আউয়ালের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন , উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন , উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অধ্যক্ষ সিরাজুল ইসলাম , উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম , দিঘীরপাড় ইউপির চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী , সাতবাঁক ইউপির চেয়ারম্যান আবু তায়্যিব শামিম , বাণীগ্রাম ইউপির চেয়ারম্যান লোকমান উদ্দিন , উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ তন্ময় বর্মণ। সভার শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জেএম সেলিম রেজা।
বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা , জনপ্রতিনিধি , উপজেলার বিভিন্ন যুব সংগঠনের সদস্যদের উপস্থিতিতে জাতীয় যুব দিবসের আলোচনা সভায় বক্তারা বলেন , একটি দেশে সম্পদ হচ্ছে তরুণ ও যুব সমাজ। তাদেরকে দক্ষ করে গড়ে তুলতে পারলে সব স্থানে দেশের উন্নতি সাধন হবে। যুব সমাজকে দক্ষ মানব সম্পাদে পরিণত করতে সরকার যুব উন্নয়ন অধিদপ্তরের মাধমে বিভিন্ন প্রশিক্ষন দিয়ে থাকে। এসব প্রশিক্ষন গ্রহণ করে দেশের আর্থ সামাজিক উন্নয়নে যুব সমাজকে এগিয়ে আসার আহবান জানানো হয়।
অনুষ্টান শেষে উপজেলার বিভিন্ন প্রশিক্ষিত যুব সংগঠনের সদস্যদের মাঝে উপজেলা যুব উন্নয়ন অফিসের উদ্যেগে ৪ লক্ষ ৩০ হাজার টাকা ঋন বিতরণ করা হয়।